

নতুন সংবিধান? দাবি উঠতেই তীব্র প্রতিবাদ

Jago Bangla

প্রতিবেদন: ঝোলা থেকে বেড়াল বেরিয়েই গেল! এবার দেশে নতুন সংবিধানের পক্ষে সওয়াল করলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা বিবেক দেবরায়। রাজনৈতিক মহলের বক্তব্য, সংবিধান পরিবর্তনের কথা ঘনিষ্ঠ শীর্ষকর্তার মুখ দিয়ে বলিয়ে আসলে জল মাপতে চাইছে বিজেপি। এটা বিজেপিরই অ্যাডভেঞ্চার। যে অ্যাডভেঞ্চার অনুসারে তারা সমস্ত প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে গেরুয়াকরণ করতে চায় সেই ভাবনা থেকেই সংবিধান বদলের লক্ষ্য বিজেপি। খোদ প্রধানমন্ত্রীর উপদেষ্টার প্রস্তাব সামনে আসতেই কড়া প্রতিক্রিয়া জানিয়েছে বিরোধী দলগুলি। বলা হয়েছে, দেশের জন্য বিজেপি কতটা বিপজ্জনক, তা এ-ধরনের চিন্তাভাবনা থেকেই স্পষ্ট।

আরও পড়ুন-[হিমাচল, উত্তরাখণ্ডে মৃত্যু ৮৫ পাঞ্জাবের একাধিক এলাকা প্লাবিত](#)

মোদির অর্থনৈতিক উপদেষ্টার দাবি, দেশের মানুষের সংবিধানকে সময়পোযোগী করতে হবে। এমনকী তাঁর মতে, একবারে প্রথম অনুচ্ছেদ থেকে এই পরিবর্তন করা দরকার। কারণ যে সংবিধান বর্তমানে চালু রয়েছে, বর্তমান সময়ে তার কতটা প্রাসঙ্গিকতা এবং প্রয়োজনীয়তা রয়েছে, তা খতিয়ে দেখা এবং সংশোধন প্রয়োজন। স্বাধীনতা দিবসের দিন সংবিধান পরিবর্তন সম্পর্কে নিজের অভিমত প্রকাশ করে বিবেক দেবরায় বলেছেন, আমাদের সংবিধানের সিংহভাগই ১৯৩৫ সালের আইন অনুযায়ী তৈরি করা হয়েছে। সেদিক থেকে এটা একটা ঔপনিবেশিক পরম্পরা। ২০০২ সালে সংবিধানের কাজ খতিয়ে দেখতে কমিশন তৈরি করা হয়। যদিও সেই কাজ পুরোপুরি হয়নি। মোদি উপদেষ্টার যুক্তি, সংবিধানের প্রস্তাবনায় উল্লিখিত সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, ন্যায়বিচার, উদারতা এবং সাম্যের বর্তমান অর্থ কী, তাও বিবেচনা করতে হবে।

আরও পড়ুন-[কেন্দ্রের উদাসীনতা, থমকে নির্মাণকাজ, বাইক থেকে ছিটকে নদীতে ২ শিশু](#)

বিজেপি সরকারের শীর্ষকর্তার এই মন্তব্য নিয়ে ইতিমধ্যেই রাজনৈতিক মহলে বিতর্ক শুরু। বিজেপি সরকার নিজেদের অ্যাডভেঞ্চারমায়িক হিন্দুরাষ্ট্রের সংবিধান তৈরি করতে চাইছে বলে অভিযোগ তুলেছে ইন্ডিয়া শিবির। কংগ্রেসের সাধারণ সম্পাদক জয়রাম রমেশ বলেছেন, স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান নতুন সংবিধানের পক্ষে সওয়াল করেছেন। এই সংবিধানের প্রণেতা ছিলেন ড. বি আর আম্বেদকর। মোদি এখন নতুন করে তা তৈরি করতে চান। এটাই সংঘ পরিবারের অ্যাডভেঞ্চার। দেশবাসী সাবধান! প্রধানমন্ত্রীর উপদেষ্টার নিবন্ধ নিয়ে বিজেপিকে তীব্র আক্রমণ করেছে জেডিইউ এবং আরজেডি।

আরও পড়ুন-[প্রাপ্য সম্মানটুকু পায়নি ধাওয়ান, দাবি শাস্ত্রীর](#)

জেডিইউ-এর জাতীয় সম্পাদক রাজীব রঞ্জন বলেছেন, বিবেক দেবরায় যা বলেছেন তাতে বিজেপি-আরএসএসের জঘন্য চিন্তাভাবনা সামনে এনেছে। জেডিইউ বলেছে, বিবেক দেবরায় কখনও অর্থনৈতিক নীতি সম্পর্কে তাঁর মত প্রকাশ করতে সক্ষম হন না। কিন্তু অন্যান্য ক্ষেত্রের বিষয় নিয়ে আলোচনা করেন, যা তিনি জানেন না। আরজেডি রাজ্যসভার সাংসদ মনোজ ঝা বলেছেন, বিবেক দেবরায়ের মুখ দিয়ে বিজেপি সরকার এ কথা বলাচ্ছে। কড়া প্রতিবাদ তৃণমূলেরও।